# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২১ অক্টোবর ২০২১ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর পিআইসির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে এবং টেন্ডারের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পসমূহ দ্রুত টেন্ডার আহবান করে ঠিকাদার নির্বাচন পূর্বক কাজ বাস্তবায়ন করা হবে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(UGDP) এর আওতায় কোভিড-১৯ প্রতিরোধ ও স্বাস্থ্যখাতের উন্নয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহ INF-2019-20-609089-01 প্রকল্পটি ঠিকাদার কর্তৃক বাস্তবায়নপূর্বক বিল দাখিল করা হয়েছে। বিলটি উপজেলা প্রকৌশল অফিস কর্তৃক পরীক্ষা নীরিক্ষা করা হয়েছে। বিলের পরিমাণ ভ্যাট ও আয়করসহ সংশ্লিষ্ট ১০,৩৫,০০০/- টাকা, ভ্যাটের পরিমাণ ৭৭,৬২৫/- টাকা এবং আয়করের পরিমাণ ৩১,০৫০/- টাকা কর্তনপূর্বক নীট বিল ঠিকাদারের অনুকুলে ৯,২৬,৩২৫/- টাকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচান্তে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর পিআইসির মাধ্যমে দ্রুত প্রকল্প বাস্তবায়ন করা ও দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয় এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(UGDP) এর INF-2019-20-609089-01 নং বিলটি উপজেলা পরিষদে অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনা ভাইরাস সংক্রমনের হার বর্তমানে অনেকটা হ্রাস পেয়েছে। তারপরও সকলকে সরকারের | আলোচনান্তে করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলার | সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য তিনি অনুরোধ জানান। | সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান ১৬২টি নলকূপের মধ্যে ১৪২টি নলকূপ স্থাপন করা হয়েছে ২০টি নলকূপ স্থাপনের কাজ প্রক্রিয়াধীন। চেয়ারম্যান লক্ষণশ্রী ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান নলকূপ স্থাপনের পর পাটাতনগুলোর গুণগতমান বজায় রেখে কাজ করার জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, মোহনপুর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান নলকূপ স্থাপন এর কাজ শেষ হলে সাথে সাথে পাটাতন পাকা করা হচ্ছে না। ফলে নলকূপটি নষ্ট হওয়ায় সম্ভাবনা থাকে। এ বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদরকে মনিটরিং জোরদার করার জন্য তিনি অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হওয়ার পর ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে নিয়ে গুণগতমান নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণ প্রত্যয়নপত্র প্রদান করবেন। | আলোচনান্তে অসমাপ্ত ২০টি নলকূপ দ্রুত স্থাপন ও নলকূপ স্থাপনের পর পাটাতনগুলোর গুণগতমান বজায় রাখার জন্য এবং নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত হওয়ার পর ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে নিয়ে গুণগতমান নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণ প্রত্যয়নপত্র প্রদান করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর<br>২। চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর<br>৩।উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বোরো মৌসুমে ২৮ ধানের বীজ বেশি করে সরবরাহের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান স্বল্প সময়ে ধান উৎপাদনের জন্য গবেষনা করে বিভিন্ন জাতের স্বল্প মেয়াদী ধান উৎপাদনের চেষ্টা চলছে।<br>চেয়ারম্যান, মোল্লাপাড়া ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান, ডিলারগণ অফিস থেকে সার নিয়ে মজুদ করার পর বেশি দামে বিক্রি করে থাকে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে ২৮ ধানের বীজ যাতে বেশি করে সংগ্রহ করা যায় এবং ডিলারগণ বেশি দামে সার বিক্রি করার প্রমান পাওয়া গেলে তাদের ডিলারশীপ বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান গত ৩০.০৯.২০২১ খ্রি. তারিখে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় হাট বাজার উন্নয়নে অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে। ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান সুনামগঞ্জ সদর উপজেলার ০৯টি ইউনিয়নে উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার, সুনামগঞ্জ সদরকে | আলোচনান্তে ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার জন্য উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদরকে সার্বিক সহযোগিতা করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | রিটার্নিং অফিসারের দায়িত্ব প্রদান করা হয়। | | |
| ৭. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, সুনামগঞ্জ সদর সভায় জানান বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম হতে সুনামগঞ্জ সদর উপজেলার অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিপত্র প্রদানের একটি পত্র পাওয়া যায়। তিনি অনাপত্তিপত্র প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে সুনামগঞ্জ সদর উপজেলার অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিপত্র প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান মোল্লাপাড়া, রঙ্গাঁরচর ও মোহনপুর ইউনিয়নে কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই। সুনামগঞ্জ সদর উপজেলা হতে বর্ণিত ইউনিয়নের অবস্থান অনেক দূরত্বে। তাছাড়া সংশ্লিষ্ট ইউনিয়নের গর্ভবতী, প্রসব পরবর্তী, নবজাতক, কিশোর-কিশোরী, সাধারণ রোগী এবং পরিবার পরিকল্পনা সেবাসহ সকল ধরনের সেবা হতে অনেকটা বঞ্চিত। সেপ্রেক্ষিতে উক্ত ইউনিয়নগুলোতে যেকোন একটি সুবিধাজনক স্থানে ৫০(পঞ্চাশ) শতাংশ ভূমি দান করে ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ হলে সাধারণ জনগণ উপকৃত হবেন। | আলোচনান্তে মোল্লাপাড়া, রঙ্গাঁরচর ও মোহনপুর ইউনিয়নের সুবিধাজনক স্থানে ৫০(পঞ্চাশ) শতাংশ ভূমি দান করে ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান মোল্লাপাড়া, রঙ্গাঁরচর ও মোহনপুর ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির তালিকা অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে কিন্তু নির্বাচনের তফসিল ঘোষণা করার কারণে টিআর/কাবিটার কাজ বাস্তবায়ন বন্ধ রাখার জন্য একটি পত্র পাওয়া গেছে। | আলোচনান্তে টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির অনুমোদন পাওয়া গেলে কাজ দ্রুত শুরু করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ১০. | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকার বিল পাওয়ার আবেদন করেন। ভাইস চেয়ারম্যান ২০,০০০/-(বিশ হাজার) টাকা ও মহিলা ভাইস চেয়ারম্যান ১৯,৫০০/-(উনিশ হাজার পাঁচশত) টাকা জুলাই/২০২১ থেকে সেপ্টেম্বর/২০২১ মাসের টিএ বিল পাওয়ার আবেদন করেন। এছাড়া ফজলু মিয়া, পিতাঃ মৃত-মন্তাজ আলী, গ্রামঃ হাসাউরা, ইউ/পিঃ রঙ্গাঁরচর গত ২০/০৯/২০২১ খ্রি. তারিখ কারেন্টের মিটারে আগুন লেগে বসতঘর পুড়ে ছাই হয়ে যাওয়ার একটি আর্থিক সাহায্যের আবেদন পাওয়া যায়। উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ ২০২১-২০২২ অর্থ বছর হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয় করার জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা থেকে ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০.৫১২ নং স্মারক তারিখ ১০ আগস্ট ২০২১ মূলে পত্র পাওয়া যায়। সুনামগঞ্জ সদর উপজেলার জীপগাড়ির ০৩(তিন) মাসের জ্বালানী খরচ জুলাই/২০২১ মাস ১৯৮১/- টাকা, | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া টিএ বিল বাবদ ভাইস চেয়ারম্যান ২০,০০০/-(বিশ হাজার) টাকা ও মহিলা ভাইস চেয়ারম্যান ১৯,৫০০/-(উনিশ হাজার পাঁচশত) টাকা ও ফজলু মিয়া, পিতাঃ মৃত-মন্তাজ আলী, গ্রামঃ হাসাউরাকে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য এবং উপজেলা পরিষদের জীপগাড়ির ০৩(তিন) মাসের জ্বালানী খরচ জুলাই/২০২১ মাস ১৯৮১/- টাকা, আগস্ট/২০২১ মাস ৫২৫২/- এবং সেপ্টেম্বর/২০২১ মাস ১৮,৯৭৫/- টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | আগস্ট/২০২১ মাস ৫২৫২/- এবং সেপ্টেম্বর/২০২১ মাস ১৮,৯৭৫/- টাকার বিল পাওয়ার আবেদন পাওয়া যায়। | | |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২১

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৫৯০(৫০)

তারিখ : ২৮ অক্টোবর ২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ............................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................ ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ........................ ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

28.10.21

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি :

মাসের নাম : অক্টোবর/ ২০২২ ইং

সভার তারিখ : ২২/১০/২২ সময় : ১১.০০ মিনিট

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: খায়রুল হুদা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২ | " নাদের বখত | মেয়র, সুনামগঞ্জ পৌরসভা | |
| ০৩ | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | নিগার সুলতানা 22/10/22 |
| ০৪. | " মো: আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | [signature] |
| ০৫ | " আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান, লক্ষনশ্রী, ইউপি. | [signature] |
| ০৬ | " মোঃ আবুল বরকত | চেয়ারম্যান, কুরবাননগর, ইউপি. | [signature] |
| ০৭. | " মোঃ ফুল মিয়া | চেয়ারম্যান, গৌরারং, ইউপি. | [signature] |
| ০৮. | " মোঃ মকছুদ আলী | চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর, ইউপি. | |
| ০৯ | " মোঃ নুরুল হক | চেয়ারম্যান, মোহনপুর, ইউপি | [signature] |
| ১০. | " মোঃ আব্দুস ছাত্তার | চেয়ারম্যান, সুরমা, ইউপি. | |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান মোল্লাপাড়া, ইউপি. | [signature] |
| ১২ | " মো: সামছুল ইসলাম | চেয়ারম্যান, কাচইর ইউপি. | |
| ১৩ | " মো: আব্দুল হাই | চেয়ারম্যান রথারচর, ইউপি . | [signature] |
| ১৪ | " কমলা রানী বর্মন | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ০১. | [signature] |
| ১৫ | " মোছা: রওশন আরা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ০২ . | |
| ১৬ | " মোছা: জাহানারা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ০৩. | |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি :

মাসের নাম : অক্টোবর/ ২০২১ ইং

সভার তারিখ : ২১/১০/২১ সময় : ১১.০০ ঘটিকা

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব ইমরান শাহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর, | |
| ০২ | " ডা: সৌমিত্র চক্রবর্তী | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সুনামগঞ্জ সদর. | |
| ০৩ | " মো: সালাহ্ উদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর, | [signature] |
| ০৪. | " ডা: মোহাম্মদ আব্দুল আউয়াল | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর. | [signature] |
| ০৫. | " সীমা রানী বিশ্বাস | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর. | [signature] 21.10.2021 |
| ০৬. | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী. সুনামগঞ্জ সদর. | [signature] 21.10.21 |
| ০৭. | " মুহাম্মদ সহিদুর রহমান | অফিসার-ইন চার্জ সুনামগঞ্জ সদর. | |
| ০৮. | " অশোক রঞ্জন পুরকায়স্থ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা. সুনামগঞ্জ সদর। | [signature] 21.10.21 |
| ০৯. | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] 21/10/21 |
| ১০. | " মো: সাইফুল আলম সিদ্দিকী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক. সুনামগঞ্জ সদর। | [signature] 21.10.21 |
| ১১. | " বিশ্বজিৎ কৃষ্ণ চক্রবর্তী | উপজেলা প.প. কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১২ | " লিটন চন্দ্র সূত্রধর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সুনামগঞ্জ সদর. | [signature] |
| ১৩. | " স্বন্দীপ বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | |
| ১৪. | " বিজিত রঞ্জন কর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর। | [signature] |
| ১৫. | " মানিক মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | [signature] |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১৬ | জনাব মিন্টু সরকার | পরিসংখ্যান কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | [illegible] |
| ১৭. | " মো: জাহিদ হোসেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ১৮. | " চয়ন ব্রত চক্রবর্তী | উপজেলা রেশম কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ১৯ | " উত্তম কুমার রায় | উপজেলা নির্বাচন অফিসার<br>সুনামগঞ্জ সদর। | [illegible] |
| ২০. | " আব্দুল্লাহ হোসেন সেলিম | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | |
| ২১. | " অসীম বরন তালুকদার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর। | [illegible] |
| ২২ | " আব্দুল্লাহ আল মামুন | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>সুনামগঞ্জ সদর। | [illegible] |
| ২৩ | " সেলিম আহমদ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক<br>সুনামগঞ্জ সদর। | |
| ২৪ | " সৈয়দ আহমদ শাহনান | ইন্সট্রাক্টর, ইউআরসি।<br>সুনামগঞ্জ সদর। | |
| ২৫ | " শেখ আব্দুর রব | ইউডিএফ, ইউপিডিপি, এলজিইডি<br>সুনামগঞ্জ সদর। | [illegible] ২১.১০.২১ |
| ২৬. | " ~~মো: [illegible] হোসেন মুন্সী~~ | ~~[illegible]~~ | |